

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিৎ, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ৭১/২০২৩

তারিখঃ ০৯/১১/২০২৩ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ, নথি নং-৫২/বিবিধ/পলিসি/রপ্তানি/২০২০-২০২১/৩৯৭৬৪(১৩)কাস, তারিখঃ ০২/১১/২০২৩খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হইলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম

Website: www.chc.gov.bd, E-mail: customhousectg@nbr.gov.bd

নথি নং- ৫২/বিবিধ/পলিসি/রপ্তানি/২০২০-২০২১

তারিখঃ ০২/১১/২০২৩ খ্রি.

অফিস আদেশ

বিষয়: সাট-আউট এর আবেদন নিষ্পত্তিকরণ ও এর সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্ট বাতিলের বিষয়ে করণীয়।

কতিপয় রপ্তানিকারক কর্তৃক পণ্য রপ্তানির নিমিত্ত বিল অব এক্সপোর্ট দাখিল ও অফডকে পণ্য প্রবেশের পর তা সংশোধনী সাপেক্ষে ভিন্ন অফডকের মাধ্যমে একই বা ভিন্ন কোন কাস্টম হাউসের মাধ্যমে রপ্তানির প্রয়োজনীয়তা দেখা দেয়। এরূপ ক্ষেত্রে রপ্তানিকারক বা রপ্তানিকারকের পক্ষে সিএন্ডএফ এজেন্ট পণ্য সাট-আউটের আবেদন করে থাকেন। এতদসংশ্লিষ্ট সাট-আউট এর আবেদন নিষ্পত্তি ও এর সংশ্লিষ্টে ASYCUDA World System এ বিল অব এক্সপোর্ট বাতিলের প্রয়োজনীয়তা দেখা দিলে অযথা বিলম্ব পরিহারকল্পে তা নিম্নরূপে ব্যবস্থিতকরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো; যথা:-

(ক) সাট-আউট এর আবেদন নিষ্পত্তি:

১. সাট-আউট এর আবেদন ও আবেদনের সাথে দাখিলকৃত দলিলাদি যেমন বিল অব এক্সপোর্ট, ইনভয়েস, প্যাকিং লিস্ট, ইএক্সপি, আমদানিকারকের Correspondence, অঙ্গীকারনামা, অফডকের প্রত্যয়ন ইত্যাদি প্রাপ্তি সাপেক্ষে একই বা পরবর্তী কার্যদিবসে শাখা সহকারী নথি খুলে অফডকে দায়িত্বরত সহকারী রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন;

২. সহকারী রাজস্ব কর্মকর্তা উক্ত আবেদন নিষ্পত্তির লক্ষ্যে দাখিলকৃত দলিলাদি পর্যালোচনা ও যাচাইপূর্বক পণ্যটি উক্ত অফডকে রক্ষিত আছে কিনা তা সরেজমিনে কায়িক পরীক্ষাপূর্বক নিশ্চিত হওয়া সাপেক্ষে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে মতামতসহ নথি উদ্ধৃতন কর্মকর্তা বরাবর উপস্থাপন করবেন। রাজস্ব কর্মকর্তা উক্ত মতামত/প্রস্তাবের যথার্থতা পর্যালোচনাপূর্বক পরবর্তী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে নথিটি দায়িত্বপ্রাপ্ত ডেপুটি/সহকারী কমিশনার বরাবর অগ্রায়ন করবেন। ডেপুটি/সহকারী কমিশনার সাট-আউট অনুমোদন করবেন এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহকে পত্র মারফত অবহিত করবেন।

(খ) সাট-আউট এর সংশ্লিষ্টে বিল অব এক্সপোর্ট বাতিলকরণ:

১. সাট-আউট পরবর্তীতে এর সংশ্লিষ্টে বিল অব এক্সপোর্ট বাতিলের আবেদন প্রাপ্তির পর দায়িত্বরত শাখা সহকারী সাট-আউট সংশ্লিষ্ট নথিতে একই বা পরবর্তী কার্যদিবসে অফডকে দায়িত্বরত সহকারী রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন;

২. সহকারী রাজস্ব কর্মকর্তা বিল অব এক্সপোর্ট বাতিলের আবেদন নিষ্পত্তির লক্ষ্যে একই বা ভিন্ন কাস্টম হাউসের মাধ্যমে রপ্তানিকৃত পণ্য সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্ট, ইনভয়েস, প্যাকিং লিস্ট, ইএক্সপি, পাশবুক, পিআরসি, লিয়েন ব্যাংকের অনাপত্তি, বন্ড কমিশনারেট এর প্রত্যয়ন পত্র, অফডক এর প্রত্যয়ন পত্র/ইত্যাদি প্রয়োজ্য ক্ষেত্রসমূহ যাচাই করবেন। উল্লেখ্য, একই কাস্টম হাউস এর মাধ্যমে বিল অব এক্সপোর্ট সংশোধনপূর্বক রপ্তানির সুযোগ থাকলে পুনরায় বিল অব এক্সপোর্ট দাখিল করা যাবে না, যা এই আদেশ জারির সময় হতে কার্যকর হবে;

৩. যাচাইকালে ভিন্ন দপ্তর বরাবর পত্র প্রেরণের প্রয়োজনীয়তা অনুভূত হলে নথি উপস্থাপনের ২ (দুই) কার্যদিবসের মধ্যে তা একযোগে প্রেরণ সম্পন্ন করতে হবে;

৪. দাখিলকৃত তথ্য/দলিলাদি যাচাইপূর্বক সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তা উক্ত বিল অব এক্সপোর্ট বাতিলের প্রস্তাবসহ নথি রাজস্ব কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন;

৫. নথি প্রাপ্তির পরবর্তী ০২ কার্যদিবসের মধ্যে প্রস্তাব পর্যালোচনাপূর্বক রাজস্ব কর্মকর্তা দায়িত্বরত ডেপুটি/সহকারী কমিশনার বরাবর নথি অগ্রায়ন করবেন। ডেপুটি/সহকারী কমিশনার তা অনুমোদনপূর্বক ASYCUDA World System এ সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্ট-টি বাতিল করবেন এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহকে পত্র মারফত অবহিত করবেন।

২। অফিস আদেশ নং-৪৩, তারিখ: ২৫/০৯/২০০১ খ্রি. এর অনুচ্ছেদ (চ) এর অনুবৃত্তিক্রমে এ আদেশ জারি করা হলো এবং ০১/১১/২০২৩ খ্রি. তারিখ হতে কার্যকর হবে।

স্বাঃ/-

(মোহাম্মদ তফছির উদ্দিন ভূঁয়া)

অতিরিক্ত কমিশনার

কমিশনারের পক্ষে

তারিখঃ ০২/১১/২০২৩ খ্রি.

নথি নং- ৫২/বিবিধ/পলিসি/রপ্তানি/২০২০-২০২১/৩৯৭৬৪(১৩)কাস